# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ

স্মারক নং- ৭৭৫১(১-৬) /২০১৭ এসসি (এডি) তারিখঃ ২০ /১১/২০১৭ খ্রিঃ

### পুনঃকোটেশন আহবান

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়সহ আপীল বিভাগের সকল মাননীয় বিচারপতি মহোদয়গনের অফিস চেম্বার, কর্মকর্তাদের অফিস কক্ষ এবং অফিসের বিভিন্ন শাখার জরুরী চাহিদা মেটানের জন্য কোটেশনে উল্লেখিত মালামাল ক্রয়ের নিমিত্ত সরকারী বিধি মোতাবেক প্রকৃত আমদানীকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত পুনঃকোটেশন আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | মালামালসমূহের বিবরন | পরিমান |
|---|---|---|
| ১. | Germ Kill Kit (Uniliver) | ৩৬ টি |
| ২. | চেয়ারের প্লেটযুক্ত বড় চাকা | ২৪ টি |
| ৩. | চেয়ারের প্লেটযুক্ত ছোট চাকা | ২৪ টি |
| ৪. | তিন পিন প্লাগ (Energy Pack) | ২৪ টি |
| ৫. | পেন্সিল ব্যাটারি (সানলাইট) | ২০০টি |
| ৬. | চোখ কয়েল (৪০ ওয়াট) | ২৪ টি |
| ৭. | টেলিফোন তার (BRB) | ১ কয়েল |
| ৮. | টেলিফোন সেট (GAO-INO), বড় সাইজ | ১২ টি |
| ৯. | টেলিফোন কার্ড (বক্সসহ) | ২৪ টি |

### পুনঃকোটেশনের শর্তাবলী

১। আগামী ২৩/১১/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের সিস্টেম এনালিস্ট এর কক্ষে রক্ষিত বাক্সে পুনঃকোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২.৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাক্স খোলা হইবে।

২। কোটেশনে উক্ত **মালামালসমূহ** ক্রয়ের মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসাঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করত: কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর পুনঃকোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।

৩। কোটেশনের সহিত মোট মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **মালামালসমূহ** ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষিত থাকিবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে পুনঃকোটেশনে উপরে-উল্লেখিত **মালামালসমূহ** ক্রয়ের প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩ (তিন) কপি বিল অত্র অফিসের কোর্ট অফিসার শাখায় দাখিল করিতে হইবে।

৬। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেড়া বা ফ্লু-ইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।

৭। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,

২০/১১/১৭

**(জেমস্ রিচার্ড ক্রুশ)**
ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্য অনুলিপিঃ-

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
৪। নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
৬। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।